ভোরের কাগজ

তারিখ ... 20 MAY 2003
পৃষ্ঠা ... ১১ ... ৪

# থানা পর্যায়ে কম্পিউটার শিক্ষা ছড়িয়ে দিতে চায় উইলস ইনটেক

**কাগজ প্রতিবেদক** : দেশে প্রথমবারের মতো থানা পর্যায়ে কম্পিউটার শিক্ষা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যকে সামনে রেখে উইলস ইনটেক লিমিটেড যাত্রা শুরু করেছে।

গতকাল সোমবার এ উপলক্ষে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা আহমেদ এ জাহিদ জানান, থানা থেকে জেলা, জেলা থেকে রাজধানী, রাজধানী থেকে আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রবেশের সুযোগ- এই তিন স্তরে বিন্যস্ত আইটি শিক্ষা মডেল উইলস ইনটেকের সম্পূর্ণ নিজস্ব। দেশব্যাপী উইলস ইনটেকের অংশীদারদের সহায়তায় এ মডেল বাস্তবায়ন করা হবে। থানা পর্যায়ে থাকবে রিজিওনাল চ্যানেল পার্টনার (আরসিপি)। শর্ট কোর্সে শিক্ষা প্রদানের পাশাপাশি ক্যারিয়ার বিষয়ক পরামর্শ দেওয়া ও গাইডলাইন রচনা আরসিপির কার্যক্রমের অন্তর্ভুক্ত।

এরপর রয়েছে জেলা পর্যায়ের প্রতিনিধি- স্ট্র্যাটেজিক চ্যানেল পার্টনার (এসসিপি)। এ পর্যায়ে স্বল্প, বিশেষায়িত ও ডিপ্লোমা কোর্স পরিচালনা করা হবে। বছর মাসব্যাপী ডিপ্লোমা কোর্সের ৯ মাস এসসিপিতে সম্পন্ন করার পর অবশিষ্ট তিন মাস প্রতিটি শিক্ষার্থীর রয়েছে প্রতিষ্ঠানের ঢাকা কেন্দ্রীয় শিক্ষা গ্রহণের সুযোগ। ঢাকা কেন্দ্রে রয়েছে উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত আইটি শিক্ষক যারা ক্যারিয়ার কোর্স, ল্যাংগুয়েজ কোর্স ও কারিগরি কোর্সসমূহ পরিচালনা করবে।

আহমেদ জাহিদ বলেন, উইলস ইনটেক উচ্চমানের আইটি শিক্ষা দেওয়ার লক্ষ্যে মালয়েশিয়ার শীর্ষ প্রতিষ্ঠান কসমোপয়েন্টের সঙ্গে অংশীদারিত্বের চুক্তি স্বাক্ষর করেছে।



উইলস ইনটেকের চেয়ারম্যান সৈয়দ বদরুল আলম গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন
—ভোরের কাগজ